কানাইঘাটে বে-সরকারি তৃতীয় শ্রেণির কর্মচারীদের মানববন্ধন ও স্মারকলিপি প্রদান

কানাইঘাট প্রতিনিধি:
কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসাবে ৫ দফা দাবী বাস্তবায়নের লক্ষ্যে কানাইঘাটে বেসরকারি ৩য় শ্রেণির কর্মচারীরা প্রধানমন্ত্রী বরাবরে স্মারকলিপি পরবর্তী মানববন্ধন করেছেন। এ উপরক্ষ্যে গতকাল মঙ্গলবার সকাল ১১টায় বাংলাদেশ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান তৃতীয় শ্রেণি কর্মচারী পরিষদ কানাইঘাট শাখার উদ্যোগে মানববন্ধনের আয়োজন করেন। কানাইঘাট উপজেলা পরিষদ কার্যালয়ের সামনে অনুষ্ঠিত মানববন্ধনে বে-সরকারি তৃতীয় শ্রেণির সর্বস্তরের কর্মচারীরা অংশ গ্রহন করেন। মানববন্ধন পরবর্তী উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী ও উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জির মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বরাবরে ৫দফা দাবী বাস্তবায়নের লক্ষ্যে স্মারকলিপি তোলে দেন সংগঠনের নেতৃবৃন্দ। সংগঠনের কানাইঘাট উপজেলা শাখার সভাপতি মোঃ নিয়ামত হোসেন বড় ভূইয়ার সভাপতিত্বে ও জেলা কমিটির সহ-সভাপতি ও কানাইঘাট উপজেলা শাখার সাধারণ সম্পাদক আহমেদ শাহিনের পরিচালনায় মানববন্ধনে বক্তব্য রাখেন মোঃ সাইদ আহমদ, বিলাল আহমদ, ময়নুল হক, সামছুদ্দিন, অকুল রাম দাস, আলবাব হেসেন, মার্জিয়া বেগম, ফরিদ উদ্দিন, জাহাঙ্গীর চৌধুরী, আফজাল হুসেন প্রমুখ। এ সময় তারা বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষক ও কর্মচারীদের কল্যানে অনেক কিছু করেছেন। তাদের ৫ দফা দাবী মেনে নেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতি জোর দাবী জানান। দাবীগুলির মধ্যে রয়েছে ৩য় শ্রেণি কর্মচারীদের নূন্যতম বেতন গ্রেড ১১তম প্রদান করতে হবে এবং শিক্ষার্থী সংখ্যার অনুপাতে ৩য় শ্রেণি কর্মচারীর সংখ্যা বৃদ্ধি করতে হবে। পদের নাম পরিবর্তন করে প্রশাসনিক কর্মকর্তা/অফিস সুপার প্রদান করতে হবে এবং পেশাগত উন্নয়নে কম্পিউটারসহ অন্যান্য বিষয়ে উচ্চতর ট্রেনিং এর দ্রুত ব্যবস্থা নিতে হবে। শিক্ষা মন্ত্রণালয়ের প্রণীত চাকুরীবিধি-২০১২ দ্রুত বাস্তবায়ন ও প্রজ্ঞাপন অনুযায়ী ম্যানেজিং কমিটি/গভর্ণিং বডিতে কর্মচারীদের একজন সদস্য রাখার ব্যবস্থা করতে হবে। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে দ্রুত উচ্চতর পদে পদোন্নতির ব্যবস্থা করতে হবে। সকল এমপিওভুক্ত

শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ করতে হবে।